

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫




স্মারক নং-৪২.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩. ৫৪২

তারিখঃ ২০/০১/২০২১খ্রিঃ

বিষয়ঃ সঞ্চয় তহবিল হতে ঋণ বিতরণ বন্ধকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে মাঠপর্যায়ে সুফলভোগীদের ক্রমবর্ধমান ঋণ চাহিদা ও ঋণ তহবিলের স্বল্পতা থাকায় সুফলভোগী সদস্যদের জমাকৃত সঞ্চয় তহবিলের সর্বোচ্চ ৮০% ঋণ তহবিল হিসেবে বিতরণ করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। সম্প্রতি ঋণ কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, কোন কোন উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ আশংকাজনক হারে বৃদ্ধি পাওয়ায় তা আদায়ে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক ঋণ তহবিল বৃদ্ধি না করে সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় তহবিল হতে ঋণ বিতরণ করা হচ্ছে। এর ফলে সুফলভোগী সদস্যদের জমাকৃত সঞ্চয় তহবিলের ঝুঁকি/সংকট সৃষ্টির সম্ভাবনা পরিলক্ষিত হয়েছে। এমতাবস্থায়, সুফলভোগী সদস্যদের জমাকৃত সঞ্চয় তহবিলের নিরাপত্তা নিশ্চিতকল্পে কর্মসূচিভূক্ত নিম্নোবর্ণিত উপজেলাসমূহের ক্ষেত্রে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সঞ্চয় তহবিল হতে নতুন করে ঋণ বিতরণ না করার এবং ইতঃপূর্বে সঞ্চয় তহবিল হতে বিতরণকৃত ঋণ দ্রুত আদায়পূর্বক সঞ্চয় হিসাবে জমাকরণসহ স্থায়ী আমানত হিসেবে সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

ক্র.নং	জেলা	উপজেলা	ক্র.নং	জেলা	উপজেলা
১	বরগুনা	আমতলী	৫	ভোলা	বোরহানউদ্দিন
২	পটুয়াখালী	মির্জাগঞ্জ	৬	বাগেরহাট	ফকিরহাট
৩	বরিশাল	মেহেন্দিগঞ্জ	৭	খুলনা	কয়রা
৪	ভোলা	চরফ্যাশন			

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক  
ফোন: ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি, আমতলী/মির্জাগঞ্জ/মেহেন্দিগঞ্জ/চরফ্যাশন/বোরহানউদ্দিন/ফকিরহাট/কয়রা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপপরিচালক, বিআরডিবি, বরগুনা/পটুয়াখালী/বরিশাল/ভোলা/বাগেরহাট/খুলনা।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো), বিআরডিবি, আমতলী/মির্জাগঞ্জ/মেহেন্দিগঞ্জ/চরফ্যাশন/বোরহানউদ্দিন/ফকিরহাট/কয়রা।
৬. পরিচালক(প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি/গার্ড ফাইল।